



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়
ময়মনসিংহ



বঙ্গবন্ধুর দর্শন, সমবায় উন্নয়ন

নম্বর: ৪৭.৬১.৬১০০.০০০.৪২.০০১.২৩.৭৬৪

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ মে ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

নিবন্ধন বাতিল আদেশ

সুতিয়া ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি., রেজি নং-০৫৬, তারিখ: ২১/০৪/২০১৯ খ্রি. নিবন্ধিত ঠিকানা: গ্রাম: বিরুনীয়া, পো: বিরুনীয়া, উপজেলা: ভালুকা, জেলা: ময়মনসিংহ এর কার্যক্রম ০১ (এক) বছর বা তার অধিককাল যাবৎ বন্ধ রয়েছে। সমিতির পরিশোধিত শেয়ার মূলধন বা সঞ্চয় আমানত নির্ধারিত পরিমানের কম এবং উক্ত সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত আইন ২০০২ ও ২০১৩) সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত বিধিমালা ২০২০) এবং সমিতির উপআইনের বিধান প্রতিপালনে ব্যর্থ হয়েছে এমনকি এদপ্তরের স্মারক নং-২৩০, তারিখ: ১৯/০১/২০২৩ খ্রি: মূলে উল্লেখিত সমবায় সমিতির নিবন্ধন কেন বাতিল করা হবেনা মর্মে নোটিশজারী করা হলেও নির্দিষ্ট সময়ের মধ্যে সমিতির কর্তৃপক্ষ কর্তৃক কোন সন্তোষজনক জবাব দাখিল করেন নাই। এমতাবস্থায়, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত আইন ২০০২ ও ২০১৩) এর ৫৩ (ঙ) (চ) ধারা মোতাবেক সমিতিটির নিবন্ধন আদেশ বাতিল করা হলো এবং এই নিবন্ধন বাতিল আদেশজারীর তারিখ হতে কার্যকর হবে।

২৮-০৫-২০২৩
মোহাম্মদ রবিন ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা

নম্বর: ৪৭.৬১.৬১০০.০০০.৪২.০০১.২৩.৭৬৪/১ (২)

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ মে ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি/সম্পাদক, সুতিয়া ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লি., গ্রাম: বিরুনীয়া, পো: বিরুনীয়া, উপজেলা: ভালুকা, জেলা: ময়মনসিংহ এবং
- ২। উপজেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিস, ভালুকা, ময়মনসিংহ (তাকে পত্র প্রাপ্তি নিশ্চিত পূর্বক প্রাপ্তি স্বীকারপত্র সংরক্ষণে রাখার জন্য অনুরোধ করা হলো)।



২৮-০৫-২০২৩
মোহাম্মদ রবিন ইসলাম
জেলা সমবায় কর্মকর্তা